

গুচ্ছের ভর্তি পরীক্ষা

## পাঁচ মিনিটেই স্বপ্নভঙ্গ ভর্তীছু দুই শিক্ষার্থীর

জবি সংবাদদাতা

১০ মে, ২০২৪

১৪:৩৪

শেয়ার

অ +

অ -



পরীক্ষা কেন্দ্রে ঢুকতে না পেরে গেটের বাইরে দুই ভর্তীছু। ছবি : কালের কণ্ঠ

গুচ্ছভুক্ত ২৪টি সরকারি বিশ্ববিদ্যালয়ের সি ইউনিটের পরীক্ষায় পাঁচ মিনিট দেরিতে কেন্দ্রে আসায় পরীক্ষা দিতে পারেনি দুই ভর্তীছু শিক্ষার্থী। তারা হলেন- রাজধানীর লালবাগ থেকে আসা রাহাত আলম এবং নারায়ণগঞ্জ থেকে আসা এম এ মুনতাসীর ইসলাম।

পরীক্ষার্থী ও প্রত্যক্ষদর্শীরা জানান, দুই পরীক্ষার্থী রাহাত ও মুনতাসীর জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রে ১১টা ১০ মিনিটে এসে পৌঁছে। নিয়মানুযায়ী ১১টা ৫ মিনিটের মধ্যে কেন্দ্রে প্রবেশ না করায় এমন সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

জানা যায়, গত ২৭ এপ্রিল গুচ্ছ এ ইউনিটের ভর্তি পরীক্ষায় পরীক্ষা শুরু ২২ মিনিটের পরেও পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ করতে দেখা গেছে। এ ছাড়া গত ৩ মে গুচ্ছ বি ইউনিটের ভর্তি পরীক্ষায় ১২ মিনিট পরেও ঢুকতে পেরেছে অনেকে।

মুনতাসীরের অভিভাবক (মা) বলেন, এমনিতেই তো দেরি হয়ে গেছে। তাদের সমস্যা কী? একজন শিক্ষার্থীর দেরি হলেও তাকে সুযোগ দেওয়া উচিত।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর হোসেন বলেন, আমাদের যেভাবে নির্দেশনা দেওয়া হয়েছে, সেভাবেই আমরা দায়িত্ব পালন করছি। ১১টা ৫ মিনিটের পর ঢোকার কোনো নির্দেশনা নেই। আমার কিছু করার নেই। আমি নিয়মের মধ্যে বাঁধা।

এ বিষয়ে উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম বলেন, ভর্তি কমিটির নির্দেশনা অনুযায়ী প্রক্টররা তাদের দায়িত্ব পালন করেছেন। আমরা ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেকই কাজ করেছি।

বিগত দুটি পরীক্ষার পরীক্ষা শুরুর পরও পরীক্ষার্থী প্রবেশ করতে দেওয়া হলেও আজকে কেন প্রবেশ করতে দেওয়া হয়নি-এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, বিষয়টি সম্পর্কে আমি অবগত নই।